# বাণী

**মোঃ ওবায়দুর রহমান**
মাননীয় সচিব
শিল্প মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ



ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর ৩৪তম বার্ষিক সাধারণ সভা-২০২৪ উপলক্ষে একটি মনোজ্ঞ স্বরণিকা প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত।

ঝিনাইদহ জেলার শিল্পায়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বনির্ভর অর্থনীতি গড়ে তুলতে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র অবদান অনস্বীকার্য। বর্তমান বিশ্বের প্রতিযোগিতামূলক অর্থনীতিতে সম্ভাবনার দ্বার উন্মোচনের পাশাপাশি সৃষ্টি হয়েছে বিভিন্ন প্রতিবন্ধকতা। উক্ত প্রতিবন্ধকতাসমূহ মোকাবিলার তথ্য আদান-প্রদান যত বেশি সহজ হবে, তত দ্রুত শিল্পায়ন ও ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটবে। এর মাধ্যমে এলাকা ভিত্তিক শিল্প কারখানা ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠবে। এ ধরণের উদ্যোগ সামগ্রিক অর্থনৈতিক অগ্রগতিতে ইতিবাচক অবদান রাখবে বলে আমি মনে করি। দারিদ্রমুক্ত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার ক্ষেত্রে আভ্যন্তরীণ ও আর্ন্তজাতিক বিভিন্ন চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করে অর্থনৈতিক উন্নয়নের ধারাকে গতিশীল রাখার ক্ষেত্রে আমাদের প্রয়োজন সম্মিলিত ও পরিকল্পিত প্রচেষ্টা। আমি আশা করি উক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়ন ও উন্নয়নের অগ্রযাত্রাকে সচল রাখতে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আমি ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র বার্ষিক সাধারণ সভা-২০২৪ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

(মোঃ ওবায়দুর রহমান)